# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ শুভাশুভ, সাজসজ্জা, পানাহার ও বিবিধ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. জামার বোতাম ছিল না

বিভিন্ন হাদীসের আলোকে আমরা জানতে পারি যে, রাসূলুল্লাহ (ﷺ)-এর জামার বোতাম ছিল, তবে তিনি সাধারণত বোতাম লাগাতেন না। বিভিন্ন হাদীসে বলা হয়েছে যে, ‘তাঁর জামার বোতামগুলো’ খোলা ছিল। এ থেকে মনে হয় যে, রাসূলুল্লাহ (ﷺ)-এর জামার তিন বা ততোধিক বোতাম ছিল। তিনি সাধারণত এ সকল বোতামের কোনো বোতামই লাগাতেন না।

কেউ কেউ বলেছেন যে, তাঁর জামার বোতাম ছিল না বা বোতামের স্থলে কাপড়ের তৈরি ঘুন্টি ছিল। এ বিষয়ক কোনো সহীহ হাদীস বর্ণিত হয়েছে বলে আমার জানা নেই। ইমাম গাযালী (৫০৫হি) লিখেছেন:

وَكَانَ قَمِيصُهُ مَشْدُوْدَ الأَزْرَارِ، وَرُبَّمَا حَلَّ الأَزْرَارَ فِيْ الصَّلاَةِ وَغَيْرِهَا

“তাঁর কামিস বা জামার বোতামগুলো লাগানো থাকত। কখনো কখনো তিনি সালাতে ও সালাতের বাইরে বোতামগুলো খুলে রাখতেন।”[1]

## ফুটনোট

[1] গাযালী, এহইয়াউ উলূমিদ্দীন ২/৪০৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5000

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন